রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

প্রশাসন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৩২-আইন/২০১৭।**—উপানুষ্ঠানিক শিক্ষা আইন, ২০১৪ (২০১৪ সনের ১৪ নং আইন) এর ধারা ৩৩, ধারা ১১ এর উপ-ধারা (২) এবং (৩) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কর্মচারী"** অর্থ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর স্থায়ী বা অস্থায়ী, যেকোন কর্মচারী এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(খ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;


মূল্য : টাকা ১৬.০০

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে। এবং

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইলড না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) উপ-বিধি ৫ (খ) এর অধীন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোন ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্বের কর্মকাল শুধুমাত্র পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে। জ্যেষ্ঠতা বা অন্য কোন আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোন পদ হইতে ১০-১২ গ্রেডের কোন পদে এবং ১০-১২ গ্রেডের কোন পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোন পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **ক্রান্তিকালীন বিধান।**—(১) তফসিলে উল্লিখিত ক্রমিক নং ২৪ এ "অফিস সহায়ক", ২৩ এ "ডেসপাস রাইডার" এবং ২২ এ "ফটোকপি মেশিন অপারেটর" পদসমূহে এই বিধিমালা প্রবর্তনের তারিখে কর্মরত কর্মচারীগণ যতদিন উক্ত পদসমূহে কর্মরত থাকিবেন ততদিন পর্যন্ত তাহারা সংশ্লিষ্ট উর্ধ্বতন পদের অর্থাৎ ক্রমিক নং ২২ এ "ফটোকপি মেশিন অপারেটর", ক্রমিক নং ২১ এ "ক্যাশ সরকার" এবং ক্রমিক নং ১৯ এ "স্টোর কিপার" এর বিপরীতে উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে পদোন্নতি প্রাপ্ত হইবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন "অফিস সহায়ক", "ডেসপাস রাইডার" এবং "ফটোকপি মেশিন অপারেটর" পদসমূহ পদোন্নতি অথবা অবসর, মৃত্যুজনিত বা অন্য কোন কারণে শূন্য হইলে উক্ত শূন্য পদসমূহ উহাদের বিপরীতে তফসিলে উল্লিখিত নিয়োগ পদ্ধতি অনুসারে পূরণ করা হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১০, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন গৃহীত কোন কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল

[বিধি ২ (গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | উপানুষ্ঠানিক শিক্ষা আইন, ২০১৪ এর ধারা ১১ এর উপ-ধারা (২) এর বিধান অনুসারে। | | |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সরকারের উপ-সচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৩। | সিস্টেম এনালিস্ট | Computer Personnel (Government Organizations) Recruitment Rules, ১৯৮৫ অনুযায়ী। | | |
| ৪। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সরকারের সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫। | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের ০১% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৯৯% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৬। | স্টোর অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭। | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৮। | সহকারী প্রোগ্রামার | Computer Personnel (Government Organizations) Recruitment Rules, ১৯৮৫ অনুযায়ী। | | |
| ৯। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>হিসাবরক্ষক বা লাইব্রেরি সহকারী বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকরি অথবা অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা স্টোর কিপার বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ১১ (এগারো) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১০। | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u> সহকারী হিসাবরক্ষক বা ক্যাশিয়ার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১১। | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government Organizations) Recruitment Rules, ১৯৮৫ অনুযায়ী। | | |
| ১২। | লাইব্রেরী সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৩। | ব্যক্তিগত সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকিতে হইবে, যথা:—<br>(অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকিতে হইবে, যথা:—<br>(অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৪। | সহকারী হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা স্টোর কিপার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১৫। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা স্টোর কিপার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকরি অথবা ক্যাশ সরকার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৬। | অডিও ভিজুয়াল টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৭। | ডাটা এন্ট্রি অপারেটর | Computer Personnel (Government Organizations) Recruitment Rules, ১৯৮৫ অনুযায়ী। | | |
| ১৮। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষরযন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকিতে হইবে, যথা;<br>(অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৯। | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) বিধি ৮ এর বিধান সাপেক্ষে পদোন্নতির মাধ্যমে;<br><br>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) এই বিধিমালা প্রবর্তনের তারিখে কর্মরত ফটোকপি মেশিন অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি ।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি। |
| ২০। | ড্রাইভার | Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, ১৯৮৪ অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২১। | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) বিধি ৮ এর বিধান সাপেক্ষে পদোন্নতির মাধ্যমে;<br><br>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) এই বিধিমালা প্রবর্তনের তারিখে কর্মরত ডেসপাস রাইডার বা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২২। | ফটোকপি মেশিন অপারেটর | (ক) বিধি ৮ এর বিধান অনুসারে এই বিধিমালা প্রবর্তনের তারিখে কর্মরত ডেসপাস রাইডার বা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৩। | ডেসপাস রাইডার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৪। | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৫। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৬। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

১৫